২৯ লাখ রুপির ‘প্রতারণার’ মামলায় সানি লিওনের জামিনের আবেদন

২৯ লাখ রুপি নিয়েও অনুষ্ঠানে না যাওয়ায়, সানি লিওনের বিরুদ্ধে করা প্রতারণার মামলায় জামিন চেয়েছেন এই অভিনেত্রী। মঙ্গলবার কেরালার হাইকোর্টে আগাম জামিনের আবেদন জানান তিনি।

গত সপ্তাহেই এ মামলায় অভিনেত্রীর জবানবন্দী রেকর্ড করেন কেরালারর ক্রাইম ব্রাঞ্চ। কেরালার বাসিন্দা আর শিয়াস এই মামলা করেন। মামলার অভিযোগের বলা হয়, ২৯ লাখ রুপি নিয়েও দুটি অনুষ্ঠানে অংশ নেননি সানি।

সানি লিয়ন জানান, তার ম্যানেজার ওই ইভেন্ট ম্যানেজমেন্ট কো- অর্ডিনেটরের কাছ থেকে রুপি নিয়েছিলেন একথা সত্য, নির্দিষ্ট তারিখও দেওয়া হয়েছিল। তবে অর্গানাইজাররা বারবার অনুষ্ঠানে তারিখ বদলাতে থাকে। কেরেলায় সপরিবারে ছুটি কাটাতে ব্যস্ত সানি জানিয়েছেন, তার কোনও অসুবিধা নেই অনুষ্ঠানে যোগ দিতে যদি নিময়মতো আর দেরি না করে অনুষ্ঠান আয়োজন করা হয়।

কেরালার পুলিশের প্রধানের কাছে অভিযোগ দায়ের করে পেরুম্বাভুরের বাসিন্দা আর শিয়াস দাবি করেন, অনুষ্ঠানে আসার জন্য সানিকে ২৯ লাখ রুপি দেওয়া হয়েছিল। এরপর গত সপ্তাহে তিরুবন্তপুরুমের এক রিসোর্টে গিয়ে সানিকে জিজ্ঞাসাবাদ করেন এর্নাকুলাম ক্রাইম ব্রাঞ্চের ডিএসপি ইনামুয়েল পল।

সানি একবাক্যে জানিয়েছেন তিনি অনুষ্ঠানে যোগ দিতেও রাজি কিংবা রুপি ফিরিয়ে দিতেও যদি দুই পক্ষ বিবাদ মিটিয়ে নিতে চায়। কিন্তু শিয়াস তার প্রস্তাব মেনে নিতে রাজি হয়নি, পাশাপাশি আয়োজকদের ঢিলেমির জন্যই অনুষ্ঠানে যোগ দিতে পারেননি সানি- সেই অভিযোগও মানতে নারাজ তিনি।

সূত্র: হিন্দুস্তান টাইমস

সালমানকে বিয়ে করতে ১৬ বছর বয়সে পাকিস্তান থেকে মুম্বাই আসেন তিনি

মাত্র ১৬ বছর বয়সে বাবা-মায়ের কাছে বায়না করেছিলেন ভারতে আসবেন। উদ্দেশ্য ছিল বলিউডের নায়ক সালমান খানকে বিয়ে করা। কিন্তু তার বাবা-মা বিষয়টাকে গুরুত্ব দেননি। তাই আত্মীয়দের সঙ্গে দেখা করার নাম নিয়ে ‘পালিয়ে’ পাকিস্তান থেকে মুম্বাই আসেন তিনি।

তিনি হলেন সোমি আলি। সম্প্রতি বোম্বাই টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এই তথ্য জানান। তিনি বলেন, সেই সময় ১৯৯১ সালে ‘ম্যায়নে প্যায়ার কিয়া’ ছবি দেখে সালমানের জন্য পাগল হয়ে যান তিনি।

ভারতে এসে বলিউডে পা রাখেন। অভিনয় করেন সাইফ আলি খান এবং সুনীল শেঠির সঙ্গে। খুব অল্প সময় বলিউডে কাজ করেছেন সাবেক অভিনেত্রী সোমি আলি।

ভারতে আসার আগে তিনি বাড়িতে জানান, তাজমহল দেখতে চান। এরপরই পাকিস্তান থেকে সোজা মায়ামি। সেখান থেকে মুম্বাই। এরপরই ধীরে ধীরে অভিনয় জগতে প্রবেশ। মুম্বাইয়ে পৌঁছে পাঁচতারা হোটেলে থাকা শুরু করেন। ‘স্ট্রাগলিং অভিনেত্রী’ পাঁচতারায় এসে থাকেন, বলি-পাড়ায় তাকে নিয়ে হাসাহাসি চলত।

যদিও তিনি জানান, তার লক্ষ্য অভিনয় করা কোনও দিনই ছিল না। পর্দার প্রেমের ভালোবাসায় ভরে উঠবে তার জীবন, দু-চোখে এই স্বপ্নই ছিল ষোড়শী পাক তরুণীর।

মায়ামিতে থাকাকালীন সালমান খানের মা সালমা খানের সঙ্গে পরিচয় হয়েছিল সোমির। পরবর্তীকালে সালমা খানের সূত্র ধরেই সালমানের সঙ্গে আলাপ হয় সোমির। এরপরই একে অপরকে আট বছর ডেট করেছিলেন দুজনে। যদিও দুজনের সম্পর্ক আর বেশি দূর এগোয়নি। ১৯৯৯ সালে সালমানের সঙ্গে প্রেম সম্পর্ক ভাঙার বেশ কয়েক বছর পর মার্কিন

যুক্তরাষ্ট্রে ফিরে যান সোমি। সেখানে নতুন করে উচ্চশিক্ষা শুরু করেন। এরপর লেখিকা, সমাজকর্মী হিসেবে নিজের পরিচয় করে তুলেছেন প্রাক্তন অভিনেত্রী।’

‘নো মোর টিয়ারস’ নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিষ্ঠাতা সোমি। কাজ করেন দক্ষিণ এশিয়ার পিছিয়ে পড়া দেশগুলোতে নারীর ক্ষমতায়ন নিয়ে। তবে তার ব্যক্তিগত জীবন আজও অজানা। ৪৪ বছর বয়সী সোমি কী খুঁজে পেয়েছেন তার মিস্টার পারফেক্ট? এই উত্তরটা জানা নেই।

সূত্র: হিন্দুস্তান টাইমস, জি নিউজ

এবার সত্যি হচ্ছে গুঞ্জন, সারার সঙ্গে রোমান্স করবেন টাইগার শ্রফ

টাইগার শ্রফ ও সারা আলী খান, বর্তমানে বলিউডে অন্যতম জনপ্রিয় দুই অভিনয়শিল্পী। অবশেষে জুটি হয়ে পর্দায় হাজির হচ্ছেন তারা।

সারা বলিউডে পা রাখার পর থেকেই টাইগারের সঙ্গে তার সিনেমায় অভিনয়র গুঞ্জন শোনা যাচ্ছিল। কিছুদিন আগে ‘হিরোপান্তি টু’ সিনেমায় এই অভিনেত্রীকে প্রায় চূড়ান্ত করেছিলেন প্রযোজক সাজিদ নাদিয়াদওয়ালা।

কিন্তু মাদক কাণ্ডে সারার নাম জড়ালে তার পরিবর্তে সিনেমাটিতে তারা সুতারিয়াকে নেওয়া হয়।
বলিউডহাঙ্গামা ডটকমে প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, ‘বাঘি ফোর’ সিনেমায় টাইগার বিপরীতে পর্দায় হাজির হবেন সারা।

একটি সূত্র সংবাদমাধ্যমটিতে বলেন, ‘বাঘি ফোর সিনেমার জন্য সারা সবার চেয়ে এগিয়ে আছেন। হিরোপান্তি টু সিনেমায় তাকে প্রায় চূড়ান্ত করা হয়েছিল। কিন্তু পরে তারা সুতারিয়াকে নেওয়া হয়। কিন্তু সাজিদ এক কথার মানুষ। তিনি এই অভিনেত্রীকে বাঘি ফোর

সিনেমায় নায়িকা চরিত্রে অভিনয়ের প্রস্তাব দিয়েছেন। সারারও তার চরিত্রটি পছন্দ হয়েছে এবং তার টিম শিডিউলের বিষয়টি নিয়ে কাজ করছে।’

এদিকে বর্তমানে বেশ কিছু প্রজেক্ট নিয়ে ব্যস্ত টাইগার শ্রফ। ‘হিরোপান্তি টু’র পর ‘বাঘি ফোর’ সিনেমার শুটিং শুরু করবেন তিনি। অন্যদিকে, সারার ঝুলিতেও একাধিক সিনেমা রয়েছে। ‘আতরাঙ্গি রে’ ছাড়াও ‘দ্য ইমমর্টাল অশ্বত্থামা’ ও দিনেশ বিজনের ম্যাডক্স ফিল্মসের একটি সিনেমায় দেখা যাবে তাকে।

সেই অরিত্র এবার বলিউডে

অরিত্র দত্ত বণিক, ক্যারিয়ার শুরু করেছিলেন সঞ্চালনা দিয়ে। এরপর শিশুশিল্পী হিসেবে বহু বাংলা ছবিতে অভিনয় করেছেন। বড় হওয়ার পরও অভিনয়কেই বেছে নিয়েছেন তিনি। এবার কমেডির ইমেজ থেকে বের হয়ে বলিউড পাড়ি দিলেন অরিত্র। একটি ওয়েব সিরিজে অভিনয় করছেন তিনি।

অরিত্র জানান, বলিউডে অভিনেতা হিসেবে এটা আমার ডেবিউ, অভিনয় করছি হিন্দি ওয়েব সিরিজে। এতদিন কমেডিতে দেখেছেন, সেটা থেকে বের হতে চাইছিলাম। এবার সেই সুযোগ পেয়েছি। এখানে আদতে ইয়ুথ স্টারদের গল্প। ফ্যামিলি ড্রামা নয়, ইয়াং স্টারদের গল্প। সিরিজটি চলতি বছরের শেষে অথবা সামনে বছরের শুরুতে মুক্তি পাবে।

উল্লেখ্য, সর্বশেষ ‘আবার বছর কুড়ি পরে’ ছবিতে অভিনয় করেছেন অরিত্র। এই ছবিতে আরও রয়েছেন আবীর চট্টোপাধ্যায়, অর্পিতা চট্টোপাধ্যায়, তনুশ্রী চক্রবর্তী, রুদ্রনীল ঘোষ, তানিকা বসু, পূষন দাসগুপ্ত, সুমন্ত মুখোপাধ্যায়, স্বাগতা বসু, আর্যা দাসগুপ্ত, দিব্যাশা দাস ও রাজর্ষি নাগ প্রমুখ। সূত্র: টিভি৯।

অন্তর্জাল কাঁপাচ্ছে নিশো ও মেহজাবীনের ‘শিল্পী’

ছোটপর্দার জনপ্রিয় জুটি আফরান নিশো ও মেহজাবীন চৌধুরী। অন্তর্জাল কাঁপাচ্ছে এ জুটি অভিনীত নাটক ‘শিল্পী’, যার গান ফিরছে দর্শকের মুখে মুখে। বছরের শুরুতেই গত ১৮ জানুয়ারি ইউটিউবে মুক্তি নাটকটি এরই মধ্যে দর্শক মন জয় করেছে।

সোশ্যাল মিডিয়া থেকে শুরু করে চায়ের আড্ডা সব জায়গাতেই জনপ্রিয় নাট্যনির্মাতা মহিদুল মহিমের এই নাটকের জয়জয়কার। দেখা যায়, গত ১৮ জানুয়ারি প্রকাশিত নাটকটি ২০ দিনে প্রায় ৮০ লাখ ভিউ হয়েছে! সে হিসেবে প্রতিদিন প্রায় ৪ লাখ নতুন দর্শক পাচ্ছে ‘শিল্পী’। লাইক পড়েছে ৩ লাখেরও বেশি এবং প্রায় ২০ হাজারের মন্তব্য করেছেন দর্শক।

‘শিল্পী’ দেখছে ও নাটকটির ব্যাপক ভাইরাল গান ‘বুক চিন চিন করছে হায়’ গানের সাথে সবাই নাচছে। ফেসবুকের বাইরে টিকটক, লাইকি, ভিগো ও ডাবম্যাশে ইতিমধ্যে শীর্ষে রয়েছে নাটকটির ভাইরাল গানটি।

এ নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করে নির্মাতা মহিদুল মহিম গণমাধ্যমকে বলেন, ‘নাটকটি নিয়ে আমি প্রথম থেকেই আশাবাদী ছিলাম। আর নাটকটির বর্তমান সাফল্য আমার ভাবনাকেও ছাড়িয়ে গেছে। শিল্পীর এমন সফলতার জন্য আমি নিশো ভাই ও মেহজাবীন আপুকে ধন্যবাদ জানাচ্ছি। তাদের অসাধারণ অভিনয় ছাড়া এই সাফল্য অর্জন করা সম্ভব ছিল না।’

অবাক করা বিষয় হলো, মান্না ও পূর্ণিমা অভিনীত মূল গানটি চলতি সপ্তাহের মধ্যেই কোটি ভিউয়ের মাইলফলক ছুঁয়েছে। যা ১৪ দিন আগে পর্যন্ত ছিলো মাত্র ৫মিলিয়ন ভিউ। ‘বুক চিন চিন করছে হায়’ শিরোনামের ওই গানটি ২০০৩ সালে মুক্তি পাওয়া ‘বাস্তব’ সিনেমার। কবীর বকুলের কথায় মূল গানে কণ্ঠ দিয়েছিলেন এন্ড্রু কিশোর ও ডলি সায়ন্তনী।

নেটফ্লিক্সে বাংলাদেশ ট্রেন্ডিংয়ে শীর্ষে ‘ডুব’

নেটফ্লিক্সে মুক্তি পেয়েছে মোস্তফা সরয়ার ফারুকীর ‘ডুব’। নেটফ্লিক্সে বাংলাদেশ ট্রেন্ডিংয়ে বর্তমানে শীর্ষে আছে বহুল আলোচিত এ সিনেমাটি। ৫ ফেব্রুয়ারি (শুক্রবার) থেকে বিশ্বের জনপ্রিয় স্ট্রিমিং প্লাটফর্ম নেটফ্লিক্সে দেখা যাচ্ছে ‘ডুব’।

ট্রেন্ডিং এর শীর্ষে থাকা প্রসঙ্গে নির্মাতা ফারুকী ফেসবুকে লিখেছেন, “ব্যস্ত দিন গেছে, সবকিছু থেকে কিছুটা বিচ্ছিন্ন ছিলাম। ধন্যবাদ এক ভাইকে, যিনি আমাকে এই তথ্যটা জানিয়েছেন। বাংলাদেশকে ধন্যবাদ ‘ডুব’কে নেটফ্লিক্সের সর্বাধিক দেখা কন্টেন্ট করার জন্য। প্রতিটি সিনেমাই ভালোবাসার বিনিময়ে তৈরি হয়। কিছু সিনেমা তার চাইতেও বেশি। এই সিনেমাটি অনেকগুলো কারণে আমার হৃদয়ের খুব কাছের! কোনো একদিন হয়তো সেই কারণটি লিখতে পারবো! সবাইকে ভালোবাসা!”

তিনি আরও লিখেছেন, “যেই মেসেজগুলো পাচ্ছি তাতে বুঝতে পারছি সিনেমাটি বর্তমানে অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ভারত এবং আরও কিছু দেশে দেখা যাচ্ছে। যুক্তরাজ্য এবং ইউরোপের আরও কিছু দেশ থেকে শতাধিক প্রশ্ন পেয়েছি। উত্তর হলো, সম্ভবত সিনেমাটি এখনও ইউরোপে দেখা যাচ্ছে না। আশা করি, দ্রুতই ইউরোপসহও অন্যান্য দেশগুলোতেও দেখা যাবে। ধন্যবাদ।”

২০১৭ সালের অক্টোবরে ভারত ও বাংলাদেশের মোট ৭৩টি হলে মুক্তি পায় মোস্তফা সরয়ার ফারুকীর ‘ডুব’। বাংলাদেশের জাজ মাল্টিমিডিয়ার সঙ্গে যৌথভাবে ছবিটি প্রযোজনা করেছে এসকে মুভিজ ও বলিউডের প্রয়াত অভিনেতা ইরফান খান। ছবিতে মূল চরিত্রে অভিনয় করেছেন তিনি। এ ছাড়াও ছবিতে অভিনয় করেছেন নুসরাত ইমরোজ তিশা, পার্ণো মিত্র, রোকেয়া প্রাচী, নাদের চৌধুরী প্রমুখ।

বাংলাদেশ ফিল্ম ক্লাব লিমিটেডের সভাপতি ওমর সানি

বাংলাদেশ ফিল্ম ক্লাব লিমিটেডের নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন চিত্রনায়ক ওমর সানী। সঙ্গে তার প্যানেলের সবাই জয়ে পেয়েছেন।

শনিবার (৬ ফেব্রুয়ারি) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) দুপুর ২টা থেকে শুরু হয় ভোট চলে সন্ধ্যা ৬টা পর্যন্ত। অনুষ্ঠিত এই নির্বাচনের ফল ঘোষণা করা হয় মধ্য রাতে। এক বছর মেয়াদে সভাপতি হিসেবে ক্লাবটির দায়িত্ব পেলেন ওমর সানী। তার প্রাপ্ত ভোট ২৭৮। ওমর সানীর প্রতিদ্বন্দ্বী সভাপতি প্রার্থী আতিকুর রহমান লিটন পেয়েছেন ১৫৮ ভোট।

ওমর সানীর প্যানেল থেকে কার্যনির্বাহী সদস্য পদে বিজয়ী হয়েছেন মাহমুদুল হক পলাশ (৩১৫), নজরুল রাজ (২৯২), সৈয়দ রাফিউদ্দিন সেলিম (২২৭), ইঞ্জিনিয়ার এম এ জাহান (২৭৬), শ্রী অজিত রায় নন্দী (২৭২), মো. আবদুল্লাহ্ জেয়াদ (২৮৪), জাহিদ হোসেন (৩৩২), মোজাহারুল ইসলাম ওবায়েদ (৩২৫), এম এ কামাল (২৮২) ও জাহাঙ্গীর আলম জাহাঙ্গীর (৩১২)।

বাংলাদেশ ফিল্ম ক্লাব লিমিটেডে এর আগের মেয়াদে নির্বাচিত সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন ওমর সানী।

‘মিস ইউনিভার্স বাংলাদেশ ২০২০’র আসরে লড়বেন ৯২৫৬ প্রতিযোগী

শেষ হয়েছে ‘মিস ইউনিভার্স বাংলাদেশ ২০২০’ প্রতিযোগিতার দ্বিতীয় আসরের নিবন্ধন প্রক্রিয়া। মহামারি করোনার কারণে ২০২০ সালের মূল

আয়োজনের সময় পরিবর্তন করে ২০২১ সালে নেওয়া হয়েছে। এবারের প্রতিযোগিতায় নিবন্ধন করেছেন ৯ হাজার ২৫৬ জন।

মিস ইউনিভার্স বাংলাদেশের পরিচালক শফিকুল ইসলাম জানান, ৯ হাজার ২৫৬ জন প্রতিযোগী নিয়ে পরবর্তী লেভেল শুরু হবে। পর্যায়ক্রমে অডিশনের মাধ্যমে বাছাই ও গ্রুমিং শেষে আগামী মার্চে মিস ইউনিভার্স বাংলাদেশ-২০২০ প্রতিযোগিতার গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হবে। আগামী মে মাসে ‘মিস ইউনিভার্স বাংলাদেশ’ বিজয়ী যুক্তরাষ্ট্রে মিস ইউনিভার্সের মূল আয়োজনে অংশ নেবেন।

২০১৯ সালে প্রথমবারের মতো বাংলাদেশে অনুষ্ঠিত হয় ‘মিস ইউনিভার্স বাংলাদেশ ২০১৯’। এতে বিজয়ী হন শিরিন আক্তার শিলা। এ আসরের গ্র্যান্ড ফিনালে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন ‘মিস ইউনিভার্স ১৯৯৪’ বিজয়ী বলিউড অভিনেত্রী সুস্মিতা সেন। এবারের আয়োজনেও উপস্থিত থাকবেন একজন সাবেক মিস ইউনিভার্স।

হরিণ শিকার মামলা: হাজিরা থেকে সালমানকে অব্যাহতি

কালো হরিণ শিকার মামলায় স্বস্তিতে সালমান খান। শুক্রবার রাজস্থান হাইকোর্ট, সেশন কোর্টে (যোধপুর জেলা) হাজিরা দেওয়া থেকে অব্যাহতি দিল সালমান খানকে। ৬ ফেব্রুয়ারির মধ্যে সালমানকে সশীরের হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছিরেন যোধপুর সেশন কোর্ট। কৃষ্ণসার হরিণ শিকার মামলাায় আপতত জামিনে মুক্ত সালমান, সেই মামলার শুনানির সময়ই হাজিরার নির্দেশ দেওয়া হয়েছিল তাকে।

ভারতীয় দণ্ডবিধির ৪৩৭ এ নম্বর ধারা অসাংবিধানিক, সালমান খানের এই আবেদনে হস্তক্ষেপ করা থেকে বিরত থাকলেন হাইকোর্টের প্রধান বিচারপতি ইন্দ্রজিত্ মাহান্তি এবং বিচারপতি মনোজ কুমার গর্গ।

‘সালমান খান ব্যক্তিগতভাবে হাজিরা দিলে সেশন কোর্ট চত্বরে ব্যাপক ভিড় জমে যায়, যার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সামাল দিতে রীতিমতো হিমসিম খেতে হয় পুলিশকে। এর ফলে সমস্যা অবধারিত।

করোনাভাইরাস পরিস্থিতিতে যা আরও বিপজ্জনক। তাই ডিভিশন বেঞ্চ আবেদনকারীকে (সালমান খান) ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে জামিন ও সেই সংক্রান্ত কাগজপত্র জমা দেওয়ার ও এক্সিকিউট করার অনুমতি দিয়েছে’, জানান সালমানের আইনজীবী হস্তিমল সারশ্বত।

২০১৮ সালের ৭ মে যোধপুরের জেলা ও সেশন কোর্টে (গ্রামীণ) কৃষ্ণসার হরিণ শিকার মামলায় উপস্থিত হয়েছিলেন সালমান। ২০১৮ সালের ৫ এপ্রিল, যোদপুর জেলা আদালতের প্রধান জুডিসিয়্যাল ম্যাজিস্ট্রেট সলমনকে পাঁচ বছরের কারাদণ্ডে দণ্ডিত করেন দুটি কালো হরিণ শিকারের জন্য। সিজিএম আদালতের তরফে ১০ হাজার টাকা জরিমানা নির্দেশ দেওয়া হয় সালমান খানকে। ওয়াইল্ড লাইফ প্রোটেকশন আইনের আওতায় দোষী সাব্যস্ত হন তিনি। এরপর জেলা এবং সেশন আদালত সেই রায় খারিজ করে দেয় ঠিক দু দিন পর- ৭ এপ্রিল এবং জামিনে মুক্তি দেওয়া হয় সালমান খানকে।

১৯৯৮ সালে হাম সাথ সাথ হ্যায় শ্যুটিং চলাকালীন সালমানের ওপর কৃষ্ণসার হরিণ শিকারের অভিযোগ উঠে। যোধপুরের নিকটবর্তী কঙ্গনি গ্রামে দুটি কালো হরিণ শিকারের অভিযোগ করা হয়। ১৯৯৮ সালের ১-২ অক্টোবরের মধ্যে এই ঘটনা বলে অভিযোগ।

সূত্র: হিন্দুস্তান টাইমস

ওয়েব সিরিজ ‘চালচিত্রে’ জয়া

বাংলা ওটিটি প্ল্যাটফর্মের নতুন স্ট্রিমিং জোন হিপ্পিক্সে আসতে চলেছে ‘চালচিত্র’। এই ওয়েব সিরিজে অভিনয় করতে দেখা যাবে বাংলাদেশি অভিনেত্রী জয়া আহসানকে। পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষাপটে লেখা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কাহিনী ‘বিপদ’ অবলম্বনে এই ‘চালচিত্র’ সিরিজটি তৈরি হতে চলেছে।

এর পরিচালক চিত্রভানু বসু। এই গল্পে প্রধান চরিত্র হাজু নামের একটি মেয়ে, যে খিদের জ্বালায় খাবার চুরি করতে থাকে। এই ভূমিকাতেই দেখা যাবে জয়াকে। এ ছাড়া নতুন এ ছবিতে অন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকায় রয়েছেন সব্যসাচী চক্রবর্তী। তবে কবে এই সিরিজের শুটিং

শুরু হবে বা কবে স্ট্রিমিং হবে সে বিষয়ে কিছুই জানা যায়নি।

গত ৩০ জানুয়ারি ধুমধাম করে ‘হিপ্পিক্স’ ওয়েব প্ল্যাটফর্মের লঞ্চ হয়। সেই লঞ্চ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জয়া আহসান ও ঋতুপর্ণা সেনগুপ্ত। ঝকঝকে দুই প্রতিভাকে নিয়ে ‘হিপ্পিক্স’-এর অরিজিনাল সিরিজ ‘সিমফনিক সিবলিংস’ আসছে খুব শিগগির।

এ ছাড়া আরও নতুন নতুন সিরিজ দেখা যাবে নতুন এই ওটিটি প্ল্যাটফর্মে। হইচইসহ অন্যান্য ওঠিটি প্ল্যাটফর্মের সঙ্গে কতটা পাল্লা দিতে পারে এই হিপ্পিক্স সেটাই দেখার। সূত্র: ওয়ান ইন্ডিয়া